

২০২১

বাংলা

(প্রোগ্রাম)

স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স (SEC)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-G-SEC-T-1

(সাহিত্য পাঠদান ও প্রয়োগ বৈচিত্র্য)

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের ছয় থেকে আট পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ৫ = ১০$
- ক) যৌথ আলোচনা সভার আয়োজন কী কী ভাবে করা যেতে পারে?
- খ) আলোচনাচক্রের সঞ্চালকের কাজ কী?
- গ) 'শাস্তি' গল্পের নাট্যাভিনয়ের ক্ষেত্রে সংলাপ সম্পূর্ণ সহায়ক নয় — মন্তব্যটি প্রতিষ্ঠা করো।
- ঘ) 'পুঁইমাচা' গল্প অবলম্বনে নাট্য উপযোগী একটি সংলাপ নির্মাণ করো।
- ঙ) 'ডাকঘর' নাটকের কয়টি দৃশ্য? এই নাটকে রাজ কবিরাজের আগমন কখন ঘটেছে?

(পরের পাতায়)

- চ) 'ও তো একরকম উচ্ছুগুণ্ড করা মেয়ে' — কার সম্পর্কে কে বলেছেন?
- ছ) আলোচক ও সভামুখ্যের কাজ কী?
- জ) 'না জানি ভকতি স্তুতি/অবলা অজ্ঞান, মতি/ তুমি হে সম্বল ধন প্রাণ' — অবলা কে? তুমিই বা কে?
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ২ = ১০$
- ক) সাহিত্য বিষয়ক আলোচনাসভা সফল করতে কিভাবে আয়োজন করা যায় — আলোচনা করো।
- খ) 'পুঁইমাচা' গল্পের নাট্যরূপদানের ক্ষেত্রে অসুবিধের জায়গাগুলি উল্লেখ করো।
- গ) 'শ্রীকান্ত প্রথম পর্ব' গ্রন্থের একটি সংক্ষিপ্ত পর্যালোচনা করো।
- ঘ) শ্রেণীকক্ষে সাহিত্য পাঠদানের পদ্ধতিগুলো সম্পর্কে আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$
- ক) শ্রেণীকক্ষে সাহিত্য পাঠদানের ক্ষেত্রে কী কী উপকরণ ব্যবহারের প্রয়োজন বলে তোমরা মনে করো?
- খ) 'মহেশ' গল্পের নাট্যরূপ নির্মাণ করো।
- গ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবন' গ্রন্থের সংক্ষিপ্ত আলোচনা করো।
- ঘ) রবীন্দ্রনাথের 'ডাকঘর' নাটকের 'মর্ত্যপ্রীতি' বিষয়ে একটা আলোচনাসভার সংক্ষিপ্তসার রচনা করো।